# বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, অস্ট্রেলিয়া
# কর্মী সম্মেলন, আলোচনা সভা ও প্রতিষ্ঠা বার্ষিকী



২১শে ডিসেম্বর ২০০৮, রোববার বিকেল পাঁচটায় সিডনিস্থ একটি রেস্তোরায় বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দল নিউ সাউথ ওয়েলস শাখার কর্মী সম্মেলন ও বিজয় দিবস উপলক্ষে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়। সম্মেলন কমিটির চেয়ারম্যান ছাত্র নেতা হাসান মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথির আসন অলংকৃত করেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক ও বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দল অস্ট্রেলিয়ার সভাপতি মোসলেহউদ্দিন আরিফ। সভায় বক্তব্য রাখেন কুদরতউল্লাহ লিটন, হাফিজুল ইসলাম তারেক, বেলাল হোসেন ঢালী, মোবারক হোসেন, আবুল বাসার মিলন, এস.এম.রানা, শফিকুল ইসলাম সুমন, এ.এন.এম. মাসুম, ওমর ফারুক, সালাউদ্দিন মানিক, মাজনুন হাবিব রনি, আরফিন রোমিও, জাহাঙ্গীর হোসেন ও জ্যামস গোমেজ। কর্মী সভাটি পরিচালনা করেন মোস্তফা মিথুন। সভায় সর্বসম্মতিক্রমে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের নিউ সাউথ ওয়েলস শাখার জন্য সভাপতি পদে হাসান আল মামুন, সহ-সভাপতি পদে সায়মন ফেরদৌস, সাধারন সম্পাদক পদে মোস্তফা মোরশেদ মিথুন, যুগ্ম সাধারন সম্পাদক পদে সৈয়দ রেজোয়ানুর রহমান অমিত, সাংগঠনিক সম্পাদক পদে গাজী আল সৈকত সহ এক কার্যকরী পরিষদ নির্বাচিত করা হয়।



গত ১লা জানুয়ারী ২০০৯, বৃহস্পতিবার, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দল অস্ট্রেলিয়া শাখার হিলডেলস্থ অস্থায়ী কার্য্যালয়ে জাতীয়তাবাদী ছাত্র দল এর ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়। প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন অস্ট্রেলিয়া বিএনপির আহ্বায়ক দেলোয়ার হোসেন এবং সভাপতিত্ব করেন অস্ট্রেলিয়া শাখা ছাত্রদলের সভাপতি মোসলেহউদ্দিন আরিফ। অনুষ্ঠানে সিডনি বিএনপির বিশিষ্ট রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।